দৈনিক ইনকিলাব

তারিখ JUL 22 1999
পৃষ্ঠা ... কলাম ...

পলিটেকনিক শিক্ষক সমিতি

# ১০ দফা বাস্তবায়নের দাবীতে চট্টগ্রাম-সিলেট ও কাপ্তাই-এ মিছিল সমাবেশ

প্রেস বিজ্ঞপ্তি ঃ বাংলাদেশ পলিটেকনিক শিক্ষক সমিতি কর্তৃক ঘোষিত আন্দোলনের কর্মসূচী অনুযায়ী গত ১৯ জুলাই (সোমবার) চট্টগ্রাম, সিলেট ও বিএস পলিটেকনিক ইনস্টিটিউটের কাপ্তাই-এর শিক্ষক, ছাত্র-ছাত্রী ও সংশ্লিষ্ট জেলা আইডিইবির সদস্য ডিপ্লোমা ইঞ্জিনিয়াররা কারিগরি শিক্ষার চলতি দায়িত্বের মহাপরিচালক প্রফেসর জিয়াউর রহমান-এর অপসারণ, প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী ১৯৯৯-২০০০ সেশন থেকেই ৪ বছর মেয়াদী ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং কোর্স চালু, একনেক অনুমোদিত ২০টি নতুন পলিটেকনিক স্থাপন ও উন্নয়ন প্রকল্পের কাজ অবিলম্বে শুরু করা, নির্যাতন ও হয়রানিমূলক বদলি বাতিলসহ ১০ দফা দাবীতে বিক্ষোভ সমাবেশ শেষে মৌন মিছিলসহ প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রীর কাছে স্মারকলিপি প্রদান করা হয়। চট্টগ্রাম-এর প্রতিবাদ সমাবেশ ও মৌন মিছিলে বাপশিস কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক মোঃ শামসুর রহমান, আইডিইবির কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি খন্দকার মোয়াজ্জেম হোসেনসহ আইডিইবির জেলা শাখার নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। সিলেট-এর প্রতিবাদ ও মৌন মিছিলে বাপশিস কেন্দ্রীয় কমিটির সভাপতি মোঃ শাখাওয়াৎ হোসেন মোল্লা, দপ্তর সম্পাদক কফিল উদ্দিন মোল্লা, আইডিইবির কেন্দ্রীয় কমিটির আঃ কাদির গাজী ও জেলা আইডিইবির নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

বিএস পলিটেকনিক কাপ্তাই-এর সমাবেশ ও মৌন মিছিলে বাপশিস কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি আবদুর রউফ, সাংগঠনিক সম্পাদক নির্মল চন্দ্র সিকদারসহ আইডিইবি কাপ্তাই শাখার নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। চট্টগ্রাম ও সিলেট-এর মৌন মিছিল শেষে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকের নিকট এবং কাপ্তাই-এর মৌন মিছিল শেষে থানা নির্বাহী কর্মকর্তার নিকট প্রধানমন্ত্রীর সমীপে স্মারকলিপি হস্তান্তর করা হয়।

উক্ত সমাবেশ ও মৌন মিছিলে সংশ্লিষ্ট ইনস্টিটিউটের শিক্ষক-শিক্ষিকা, সকল ছাত্র-ছাত্রী ও জেলার নেতৃস্থানীয় ডিপ্লোমা ইঞ্জিনিয়ারগণ অংশগ্রহণ করেন।